# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নৌবাহিনী, খুলনা
ফোন নং ঃ ০২-৪৭৭৭২০০০৩
**Email:** oiccomf.ksy@gmail.com

টেন্ডার নং বাবি (এফ) - ১৩/পরিবহন/২০২৪-২০২৫ তারিখ: ২০ আগস্ট ২০২৪
খোলার তারিখ: ২১ আগস্ট ২০২৪ বেলা ১২:০০ ঘটিকা।

মেসার্স... ... ... ... ... ... ... ... ... ... ... .......
... ... ... ... ... ... ... ... ... ... ... ... ..........
... ... ... ... ... ... ... ... ... ... ... ... ..........

**বিষয়: চট্টগ্রাম সমুদ্র বন্দরে আমদানীকৃত মালামাল কন্টেইনারসহ টেইলার এর মাধ্যমে খুশিলিতে আনা এবং খালি কন্টেইনারসমূহ চট্টগ্রামে অবস্থিত নির্ধারিত ডিপোতে পৌঁছানোর জন্য পরিবহণ কাজের দরপত্র আহ্বান প্রসঙ্গে।**

খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, খুলনা কর্তৃক জাহাজ নির্মানের জন্য বিভিন্ন মালামাল (প্যাকিং লিস্ট সংযুক্ত) ০১টি ২০ফুট কন্টেনারের মাধ্যমে বন্দরে আমদানী করা হয়েছে। উক্ত ০১টি কন্টেইনার (মালামালসহ) চট্টগ্রাম বন্দর হতে খুশিলিতে আনা হবে এবং মালামাল আনলোড করে পূনরায় চট্টগ্রাম বন্দর/ডিপোতে পৌছাতে হবে। উক্ত কাজের জন্য প্রকৃত পরিবহন ঠিকাদারের নিকট হতে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নে মালামালের ওজন, প্যাকেজ এর পরিমান এবং অন্যান্য শর্ত উল্লেখ করা হলো:

| ২০ ফুট কন্টেইনার | প্যাকেজ এর পরিমান | মালামালের সর্বমোট ওজন | | পরিবহন দর |
|---|---|---|---|---|
| ০১ টি | ১৭৫ প্যাকেজ | ২৮৪৭.৪২ কেজি | কন্টেইনার চট্টগ্রাম বন্দর হতে খুলনা শিপইয়ার্ড এবং কন্টেইনার হতে মালামাল খুশিলিতে আনলোড পূর্বক খালি কন্টেইনার চট্টগ্রাম বন্দর/ ডিপোতে পৌছে দিতে হবে। | আনা নেওয়া বাবদ প্রতি টেইলার ভাড়া টাকা...................... |

**শর্তাবলী ঃ**

১। মালামাল ইতিমধ্যে চট্টগ্রাম বন্দরে পৌছেছে এবং মালামাল আগামী ২১ আগস্ট ২০২৪ তারিখে পরিবহন করতে হবে।

২। ০১টি টেইলারের মাধ্যমে মালামাল নির্দেশনা মোতাবেক একই দিনে চট্টগ্রাম বন্দর হতে পরিবহন করতে হবে এবং ২ দিনের (৪৮ ঘন্টার) মধ্যে খুশিলিতে পৌছাতে হবে। কন্টেইনার হতে মালামাল খুশিলিতে আনলোড পূর্বক খালি কন্টেইনার খুশিলিতে আনলোডের ২ দিনের (৪৮ ঘন্টার) মধ্যে চট্টগ্রাম বন্দরে/ডিপোতে পৌছে দিতে হবে, অন্যথায় কন্টেইনার ডেমারেজ হলে তা পরিবহন ঠিকাদারকে বহন করতে হবে। এসংক্রান্তে পোর্ট/ডিপো হতে কন্টেইনার প্রাপ্তির রশিদ সংগ্রহ করত: খুশিলিতে জমা দিতে হবে।

৩। কন্টেইনার আনা এবং ফেরত নেওয়ার বিলম্বের জন্য ডেমারেজ এবং বিলম্বের কারনে খুশিলির কাজের কোন ক্ষতি হলে ক্ষতিপূরণ ঠিকাদারকে বহন করতে হবে।

৪। মালামাল টেইলার হতে নামানোর জন্য খুশিলির ক্রেন ও লেবার বিনা খরচে দেওয়া হবে।

৫। কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ পাওয়ার পূর্বে টাকা ১০,০০০.০০ পে-অর্ডারের মাধ্যমে শিপইয়ার্ডের অনুকূলে জামানত হিসাবে জমা দিতে হবে। উল্লেখ্য, কৃতকার্য ঠিকাদার পরিবহণকাজে ব্যর্থ হলে অথবা খুলনা শিপইয়ার্ডের কোন আর্থিক ক্ষতি হলে জামানত বাজেয়াপ্ত অথবা কস্ট অফ ডিফারেন্স আরোপ করা হবে।

৬। পরিবহনকালীন সময়ে দ্রব্যের কোন ক্ষয়ক্ষতি হলে তাহার সম্পূর্ণ দায়দায়িত্ব পরিবহন ঠিকাদারকেই বহন করতে হবে এবং ক্ষতিপূরণ দিতে ঠিকাদার বাধ্য থাকবে।

৭। পরিবহণকৃত টেইলার এবং ড্রাইভার এর প্রয়োজনীয় সকল বৈধ লাইসেন্স/ডকুমেন্টস এবং পরিবহণকারী ট্রেইলার এর অবশ্যই বীমা কভারেজ থাকতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৮। দরদাতাগনের অবশ্যই চট্টগ্রাম শহরে ট্রান্সপোর্ট অফিস এবং টেলিফোন থাকতে হবে। কৃতকার্য দরদাতাকে পরিবহন কার্য ত্বরান্বিত করার জন্য শিপইয়ার্ডের নির্দেশ মোতাবেক অবিলম্বে কার্য আরম্ভ করতে হবে। বিলম্ব করলে বন্দর ডেমারেজ /কনটেইনার ডেমারেজসহ অন্যান্য ক্ষতি ঠিকাদার/ পরিবহনকারী সংস্থা কর্তৃক শিপইয়ার্ডকে পরিশোধ করতে বাধ্য থাকবে।

৯। দরপত্র আগামী ২১ আগস্ট ২০২৪ বেলা ১১.৪৫ ঘটিকার মধ্যে জমা দিতে হবে এবং একই দিনে বেলা ১২.০০ ঘটিকায় দরপত্র খোলা হবে।

১০। দরপত্র সীল মোহরকৃত খামে ডাকে/ইমেইলে পাঠানো যেতে পারে অথবা শিপইয়ার্ড গেটে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দেওয়া যেতে পারে। বিলম্বে প্রাপ্ত দরপত্র গ্রহন করা হবে না। দরপত্রগুলি অবশ্যই পরিস্কারভাবে কালি দ্বারা লিখিত অথবা মুদ্রাক্ষরে লিখিত হতে হবে। পেনসিল দ্বারা লিখিত অথবা পূনঃ লিখন বাতিল বলে গন্য হতে পারে।

১১। সম্পূর্ণ দ্রব্য পরিবহনের পর সরবরাহকৃত দ্রব্যের ১ (এক) কপি চালান ও ৩ (তিন) কপি বিল দাখিল করতে হবে এবং শিপইয়ার্ডের প্রধান ভান্ডার কর্তৃক সুপারিশের আলোকে পর হিসাব বিভাগ কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।

১২। সরকারী নিয়ম অনুযায়ী বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১৩। দরপত্র দাতাদের নিম্ন লিখিত ডকুমেন্টস দরপত্রের সংগে দাখিল করতে হবে।

ক। ব্যাংকের স্বচ্ছলতা সার্টিফিকেট
খ। আয়কর পরিশোধ সার্টিফিকেট
গ। ভ্যাট নিবন্ধন সার্টিফিকেট

১৪। দরপত্র আবদ্ধ সীলমোহরকৃত খামের উপর নিম্নলিখিত ঠিকানা লিপিবদ্ধ করে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে খুলনা শিপইয়ার্ড লিমিটেড এর মেইন গেট এর পার্শ্বে রক্ষিত টেন্ডার বাক্সের ভিতর ফেলতে হবে।

ম্যানেজিং ডাইরেক্টর
খুলনা শিপইয়ার্ড লিমিটেড
বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

টেন্ডার নংঃ বাবি (এফ) - ১৩/ পরিবহন / ২০২৪-২০২৫ তারিখ ২০ আগস্ট ২০২৪
টেন্ডার খোলার তারিখ ঃ ২০ আগস্ট ২০২৪ বেলা ১২.০০ ঘটিকা

১৫। উল্লিখিত দ্রব্যাদি পরিবহনের জন্য এক বা একাধিক ঠিকাদার নিয়োগ, শর্তাবলী সংশোধন, সংযোজন এবং কোন প্রকার কারন দর্শানো ছাড়াই সংশ্লিষ্ট টেন্ডারটি বাতিল অথবা পূনঃ টেন্ডার করার ক্ষমতা খুলনা শিপইয়ার্ড লিমিটেড সংরক্ষন রাখে।

আপনাদের বিশ্বস্ত

শেখ শাহ মশিউর রহমান
ম্যানেজার এ্যাডমিন
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

... ... ... ... ... ... ... ... ...
দরদাতার স্বাক্ষর ও সীল
পূর্ণ ঠিকানা
ফোন নং ... ... ... ... ... ... ...
তারিখ ... ... ... ... ... ... ...